

শাহ আমানতে ফিরছে ২ বিদেশি এয়ারলাইন্স

- A Monitor Desk Report

Date: 15 September, 2025



চট্টগ্রাম : বাণিজ্যিক ও বন্দর নগরী চট্টগ্রাম থেকে আন্তর্জাতিক বিভিন্ন গন্তব্যে ফের ফ্লাইট চালু করতে যাচ্ছে দুই আন্তর্জাতিক এয়ারলাইন্স।

যাত্রীদের চাহিদার পরিপ্রেক্ষিতে প্রতিষ্ঠান ২টি ফ্লাই দুবাই ও সালাম এয়ার শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ফ্লাইট অপারেট করবে।

বিমানবন্দরটির জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী ইব্রাহীম খলিল বলেন, আগামী ১৮ সেপ্টেম্বর থেকে সালাম এয়ারের চট্টগ্রাম-মাস্ক্যাট ফ্লাইট চালু হচ্ছে। আগামী ২৬ অক্টোবর ফ্লাই দুবাই পুনরায় ফ্লাইট অপারেশন চালু করতে যাচ্ছে।

এয়ারলাইন্স কর্মকর্তারা জানান, আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে শাহ আমানত বিমানবন্দরে পর্যাপ্ত সুযোগ-সুবিধা না থাকায় এখান থেকে বিদেশি এয়ারলাইন্সগুলো একের পর এক কার্যক্রম গুটিয়ে নেয়। গত বছরের ১ সেপ্টেম্বর থেকে আমিরাতভিত্তিক ফ্লাই দুবাই শাহ আমানত বিমানবন্দরে ফ্লাইট পরিচালনা বন্ধ করে।

এর আগে চট্টগ্রাম বিমানবন্দর থেকে বিভিন্ন সময় গুটিয়ে নেয় থাই এয়ার, থাই স্মাইল এয়ার, ওমান এয়ার, ভারতভিত্তিক স্পাইস জেট, কুয়েতভিত্তিক জাজিরা এয়ারওয়েজ ফ্লাইট, মালিন্দো এয়ার, রোটানা এয়ার, হিমালয়ান এয়ার, রাস আল কাইমা (আরএকে) এয়ার, টাইগার এয়ারওয়েজ।

বিমানবন্দরের তথ্য মতে, চট্টগ্রাম বিমানবন্দরে ২০০০ সালে বিদেশি ফ্লাইট সরাসরি চালু হয়। বিমানবন্দর প্রতিষ্ঠার ইতিহাসে এবার রেকর্ড রাজস্ব আয় হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বিমানবন্দরটির আয় দাঁড়িয়েছে ২৭০ কোটি ৪৯ লাখ টাকা। যা আগের বছরের তুলনায় প্রায় ৩৩ কোটি টাকা বেশি।

কর্তৃপক্ষ জানায়, ২০২৫ সালের জুন পর্যন্ত আন্তর্জাতিক রুটে যাত্রী যাতায়াত করেছেন ৩ লাখ ৯২ হাজার ৪৫৬ জন। ২০২৪ সালে এ সংখ্যা ছিল

৯ লাখ ৮২ হাজার ৫৪০ জন, ২০২৩ সালে ৯ লাখ ৭৭ হাজার ৬৭৪ জন, ২০২২ সালে ৮ লাখ ৯৩ হাজার ৬৪ জন ও ২০২১ সালে মাত্র ৩ লাখ ২২৬ জন।

অভ্যন্তরীণ রুটে ২০২৫ সালের জুন পর্যন্ত দেশের বিভিন্ন গন্তব্যে গেছেন ৬ হাজার ৬৯০ জন যাত্রী। ২০২৪ সালে এ সংখ্যা ছিল ১০ হাজার ৫০১ জন, ২০২৩ সালে ১২ হাজার ২৭৬ জন, ২০২২ সালে ১১ হাজার ৫৪২ জন ও ২০২১ সালে ৪ হাজার ৯৮০ জন।

-B